গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বাজেট ও উন্নয়ন অনুবিভাগ
**বাজেট শাখা**
www.lawjusticediv.gov.bd-

নং ১০.০০.০০০০.১২৬.২০.১৩৮.১৮.২৯৭৮ তারিখঃ ২৫ কার্তিক ১৪৩২ / ১০ নভেম্বর ২০২৫

প্রেরক: মো. মতিউর রহমান
উপসচিব (বাজেট-১)

প্রাপকঃ চীফ একাউন্টস ফিন্যান্স অফিসার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
কক্ষ নং-৫০৩, ৫ম তলা, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

বিষয়ঃ চলতি **২০২৫-২৬** অর্থবছরে জেলা ও দায়রা আদালত সিলেট ও রাজশাহী-কে "৩২১১১৩১- আউটসোর্সিং"খাতে অর্থ বরাদ্দ।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে চলতি ২০২৫-২৬ অর্থবছরে আইন ও বিচার বিভাগ এর '১২১০৪০২০০০০০০'- জেলা ও দায়রা জজ আদালতসমূহ"এর কোডের অধীন জেলা ও দায়রা জজ আদালত, সিলেট ও রাজশাহী- কে "৩২১১১৩১-আউটসোর্সিং" খাতে (পণ্য ও সেবা খাত) চাহিদা পত্রের প্রেক্ষিতে আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবাগ্রহণ নীতিমালা, ২০২৫ এর আলোকে ছকে উল্লিখিত আদালতসমূহে সেবা মূল্য পরিশোধ করার জন্য ছকে বর্ণিত বিভাজন অনুযায়ী শর্ত প্রতিপালন সাপেক্ষে অর্থ ছাড়করণের সম্মতি জ্ঞাপন করা হলো।

শর্তাবলী ঃ

১। (ক) সেবা ক্রয়ের ক্ষেত্রে পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ অনুসরণ করতে হবে;
(খ) আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা প্রদানকারীর সেবামূল্য সেবা প্রদানকারীর নিজ নামীয় ব্যাংক হিসেবে সেবা ক্রয়কারী কর্তৃক প্রদেয় হবে;
(গ) জনপ্রতি সেবামূল্য নির্ধারণের ক্ষেত্রে অর্থ বিভাগের ব্যয় ব্যবস্থাপনা- ৩ এর স্মারক নং- ০৭.০০.০০০০.০০০.১৫৩.৯৯.০০০১.২১.১৭৮, তারিখঃ ১৫/০৪/২০২৫ খ্রিঃ এর পরিপত্র অনুসরণ করতে হবে;
(ঘ) অর্থ বিভাগের ব্যয় ব্যবস্থাপনা অনুবিভাগের সম্মতিপত্র ব্যতিত কোন ধরণের আউটসোর্সিং সেবা গ্রহণ করা যাবে না;
(ঙ) হালনাগাদ চুক্তিপত্র ব্যতিত কোনো ধরণের সেবা মূল্য পরিশোধ করা যাবে না;
(চ) আউটসোর্সিং সেবা গ্রহণ নীতিমালা, ২০২৫ এর অধীন নির্ধারিত সেবাসমূহ ক্রয়ের ক্ষেত্রে এ বিভাগের সম্মতি থাকতে হবে;
(ছ) সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের প্রাপ্য সার্ভিস চার্জ বা কমিশন থেকে আয়কর কর্তন করতে হবে, উক্ত আয়কর সেবা গ্রহণকারী কর্তৃপক্ষ প্রদান করবে না;
(জ) বর্তমান বরাদ্দ হতে চলতি অর্থবছরের জন্য অর্থ ব্যয় করতে হবে। পূর্বের অর্থবছরের বকেয়া পরিশোধের ক্ষেত্রে এ বিভাগের পূর্বানুমোদন গ্রহণ করতে হবে;
(ঝ) অব্যয়িত অর্থ (যদি থাকে) ৩০ জুন/২০২৬ তারিখের মধ্যে সমর্পণ আদেশ জারিপূর্বক এ বিভাগকে অবহিত করতে হবে।

**জেলা ও দায়রা জজ আদালতসমূহ**

| ক্রমিক নং | আদালত/ ট্রাইব্যুনালের নাম | পদের নাম | পদ সংখ্যা | বাৎসরিক সেবামূল্য (১মাস x১২ মাস) | সেবামূল্যের ৫০% করে বছরে ২টি উৎসব প্রণোদনা ভাতা | সেবামূল্যের ২০% করে বছরে ১টি নববর্ষ প্রণোদনা ভাতা | প্রতিষ্ঠানের সার্ভিস চার্জ (৫%-১০%) | প্রদেয় ভ্যাট ১৫% | বাৎসরিক মোট সেবামূল্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | জেলা ও দায়রা জজ আদালত, রাজশাহী | নিরাপত্তা প্রহরী | ০২ | ১৭,১৭৫ x ১২ মাস= ২,০৬,১০০ x ২ = ৪,১২,২০০ | ৩৪,৩৫০ | ৬,৮৭০ | ২২,৬৭১ (৫% হারে) | ৭১,৪১৪ | ৫,৪৭,৫০৫/- |
| | | পরিচ্ছন্নতা কর্মী | ০২ | ১৭,১৭৫ x ১২ মাস= ২,০৬,১০০ x ২ = ৪,১২,২০০ | ৩৪,৩৫০ | ৬,৮৭০ | ২২,৬৭১ (৫% হারে) | ৭১,৪১৪ | ৫,৪৭,৫০৫/- |
| | | | | | | | | সর্বমোট= | ১০,৯৫,০১০/- |
| ২. | জেলা ও দায়রা জজ আদালত, সিলেট | নিরাপত্তা প্রহরী | ০৩ | ১৭,১৭৫ x ১২ মাস= ২০৬১০০ x ৩= ৬,১৮,৩০০ | ৫১,৫২৫ | ১০,৩০৫ | ৬৮,০১৩ (১০% হারে) | ১,১২,২২২ | ৮,৬০,৩৬৫/- |

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | পরিচ্ছন্নতা কর্মী | ০৩ | ১৭,১৭৫ x ১২ মাস= ২০৬১০০ x ৩= ৬,১৮,৩০০ | ৫১,৫২৫ | ১০,৩০৫ | ৬৮,০১৩ (১০% হারে) | ১,১২,২২২ | ৮,৬০,৩৬৫/- |
| | | | | | | | | সর্বমোট= | ১৭,২০,৭৩০/- |


(মো. মতিউর রহমান)
উপসচিব(বাজেট-১)
ফোনঃ ৯৫৪০০০৯(অ)
lawjusticediv.budget@gmail.com


নং ১০.০০.০০০০.১২৬.২০.১৩৮.১৮.২৯৭৮

তারিখ: ২৫ কার্তিক ১৪৩২
১০ নভেম্বর ২০২৫

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ

১। জেলা ও দায়রা জজ, সিলেট ও রাজশাহী (আর্থিক বিধি-বিধান অনুসরণপূর্বক বরাদ্দকৃত অর্থ ব্যয় করার জন্য অনুরোধ করা হলো)।

২। ডিভিশনাল কন্টোলার অফ একাউন্টস অফিসার, সিলেট ও রাজশাহী ।

৩। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

৪। অফিস কপি/ গার্ড ফাইল।

১০.১১.২০২৫


(মো. মতিউর রহমান)
উপসচিব (বাজেট-১)